

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০১৪.০২.০০.২৭৫.২০১১- ১৮২

তারিখ : ২৬.৫.২০১৬

বিষয় : জেলা পরিষদ, বরিশাল কার্যালয়ের ২০১১-২০১৩ অর্থ বছরের অডিট আপত্তির জবাব প্রেরণ।

সূত্র : জেলা পরিষদ, বরিশাল কার্যালয়ের স্মারক নং-৭৫০, তারিখ-৩০/১২/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, বরিশাল কার্যালয়ের ২০১১-২০১৩ অর্থ বছরের অগ্রিম অনুচ্ছেদ ১, ২, ৩ ও ৪ এর জবাব পর্যালোচনাস্তে সন্তোষজনক বিবেচিত হয়নি। জবাবে ২০১১-২০১৩ অর্থ বছরের কোন আপত্তির অর্থ অদ্যাবধি সংশ্লিষ্ট তহবিলে জমা করা হয়নি।

এমতাবস্থায়, ২০১১-২০১৩ অর্থ বছরের অগ্রিম অনুচ্ছেদ ১, ২, ৩ ও ৪ এর আপত্তিকৃত সমুদয় অর্থ সংশ্লিষ্ট তহবিলে জমা করে ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব নিম্নোক্ত "ছক" ও নির্দেশনা অনুসরণ করে আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে প্রমাণকসহ পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক

আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

সংযুক্ত : বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- ওধমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২ সেট জবাব দাখিল করতে হবে;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস দাখিল করতে হবে;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে; এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বরিশাল।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

- অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (জেলা পরিষদের জবাবের কপি সংযুক্ত)।
- পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব(অ-২)
ফোন-৯৫৪০৩২৬।